**প্রেস রিলিজ**

তারিখ: ২৮ আগস্ট ২০২৬

# বাউবির বিএ ও বিএসএস পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করলেন ট্রেজারার

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) বিএ ও বিএসএস পরীক্ষা-২০২৫ দেশব্যাপী সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে। এরই ধারাবাহিকতায় শুক্রবার রাজধানীর সরকারি বাংলা কলেজ, মিরপুর পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেছেন বাউবির ট্রেজারার অধ্যাপক ড. শেখ রফিকুল ইসলাম।

পরিদর্শনকালে ট্রেজারার বিভিন্ন পরীক্ষাকক্ষ ঘুরে দেখেন এবং পরীক্ষা কার্যক্রমের সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ করেন। এ সময় তিনি কেন্দ্রের সমন্বয়কারীসহ সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা দেন। পরীক্ষার পরিবেশ ও শৃঙ্খলা দেখে তিনি সন্তোষ প্রকাশ করেন।

বাউবির বিএ ও বিএসএস প্রোগ্রামের প্রথম থেকে ষষ্ঠ সেমিস্টারের পরীক্ষা-২০২৫ দেশব্যাপী ২৮৮টি কেন্দ্রে অনুষ্ঠিত হচ্ছে। পরীক্ষা সুষ্ঠু, নকলমুক্ত ও শৃঙ্খলাপূর্ণভাবে সম্পন্ন করতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে।

এ সময় ট্রেজারারের একান্ত সহকারী মোহাম্মদ ওয়াহেদুজ্জামান হাওলাদারসহ বাউবির ঢাকা আঞ্চলিক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)



Main Campus: Gazipur-1705, Bangladesh, Phone: +88 02 996691119, IP: +88 09666730730, Ex. 777
e-mail: iprd@bou.ac.bd, Website: www.bou.ac.bd